গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
**www.dpe.gov.bd**

বিষয়: যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন এবং শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : দিলীপ কুমার বণিক, অতিরিক্ত মহাপরিচালক(পিইডিপি৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
স্থান : হোপ কনফারেন্স রুম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২৬.১১.২০২৩ খ্রি.
সময় : বিকাল ৩.০০ মিনিট

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট- ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবস ও ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস আমাদের জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ দুটি দিবস। তিনি জানান যে, ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস ও ১৪ ডিসেম্বর ২০২৩, শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে জাতীয় কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে ০১.০৮.২০২৩ এবং ২৯.০৮.২০২৩ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভা দুটিতে গৃহীত সিদ্ধান্তের সাথে সংগতি রেখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তরসমূহে মহান বিজয় দিবস ২০২৩ ও শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ এর কর্মসূচি গ্রহণের লক্ষ্যে বিগত ২৫.১০.২০২৩ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি জাতীয় কর্মসূচির আলোকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের পাশাপাশি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরেও দিবস দুটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের বিষয়ে গুরুত্ব আরোপ করেন এবং বিভিন্ন কর্মসূচি সুষ্ঠুভাবে উদযাপনের বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।

২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সংশ্লিষ্ট অফিসার, মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন এবং ১৪ ডিসেম্বর ২০২৩, শহিদ বুদ্ধিজীবী পালন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত জাতীয় কর্মসূচি এবং তৎপ্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রলায়ের ২৫.১০.২০২৩ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত সভায় উপস্থাপন করেন। সভায় ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবস ২০২৩ ও ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | খসড়া কর্মসূচি | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | ৩(ক) ১৬.১২.২০২৩ তারিখে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন।<br><br>৩(গ) গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা। | ৩(ক) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সমূহের প্রধান কার্যালয়, বিভাগীয়, জেলা, উপজেলা কার্যালয়, সকল পিটিআই, প্রাথমিক বিদ্যালয় ও সকল ধরণের শিক্ষা প্রতিষ্ঠানে ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ মহান বিজয় দিবসে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা (বিধি মোতাবেক সঠিক মাপ ও রংয়ের) উত্তোলন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩(গ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির প্রধান কার্যালয়ে আলোকসজ্জা করতে হবে। | ৩(ক).১ ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ মহান বিজয় দিবসে সূর্যোদয়ের সাথে সাথে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে জাতীয় পতাকা (বিধি মোতাবেক সঠিক মাপ ও রংয়ের) উত্তোলন করা হবে।<br>৩.(ক).২ মাঠ পর্যায়ে বিষয়টি নিশ্চিত করার জন্য অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহে পত্র প্রেরণ করা হবে।<br>**বাস্তবায়নকারী: সহকারী পরিচালক (সা.প্র.)**<br>৩(গ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর মূল ভবনে ১৫ ও ১৬ ডিসেম্বর রাতে আলোকসজ্জা করা হবে।<br>**বাস্তবায়নকারী: সহকারী পরিচালক (সা.প্র.)** |
| ২. | ৯ দেশের সকল জেলা এবং উপজেলা সদরে বীর মুক্তিযোদ্ধা, বাংলাদেশ পুলিশ, আনসার-ভিডিপি, বিএনসিসি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, স্কাউটস, রোবার স্কাউটস, গার্লস গাইড এবং শিশু-কিশোর সংগঠন (যেখানে সম্ভব) কর্তৃক বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠান। | ৯. দেশের সকল জেলা এবং উপজেলায় সদরে বীর মুক্তিযোদ্ধা, বাংলাদেশ পুলিশ, আনসার-ভিডিপি, বিএনসিসি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, স্কাউটস, রোবার স্কাউটস, গার্লস গাইড এবং শিশু-কিশোর সংগঠন (যেখানে সম্ভব) কর্তৃক আয়োজিত কুচকাওয়াজ অনুষ্ঠানে অংশগ্রহণ করতে হবে। | ৯. উপজেলা/জেলায় আয়োজিত কুচকাওয়াজ অনুষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহে পত্র প্রেরণ করা হবে।<br>বাস্তবায়নকারী: সহকারী পরিচালক (সা.প্র.) |
| ৩. | জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ইত্যাদি খেলার আয়োজন। | জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ইত্যাদি খেলার আয়োজন করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ইত্যাদি খেলার আয়োজন করার জন্য অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহে পত্র প্রেরণ করা হবে।<br>**বাস্তবায়নকারী: সহকারী পরিচালক (সা.প্র.)** |
| ৪. | ১৫(ক) 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ | ১৫ (ক) ১৭.১২.২০২৩ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে ছাত্র- | ১৫ (ক) যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের |

| ক্রমিক | খসড়া কর্মসূচি | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার' শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম।<br><br>১৫(খ) জাতীয় পর্যায়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন এবং যেখানে সম্ভব মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনী। | ছাত্রীদের নিয়ে) 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার' শীর্ষক আলোচনা সভা করতে হবে।<br><br>১৫(খ) জাতীয় পর্যায়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাগণের উপস্থিতিতে তাঁদের ভাষায় বিবৃত রোমাঞ্চকর গুরুত্বপূর্ণ স্মৃতিসমূহ শিক্ষার্থীদের নিকট উপস্থাপনসহ মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | নুতন ভবনে বিভিন্ন স্কুল থেকে ৫০ জন ছাত্র-ছাত্রীর উপস্থিতিতে 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার' শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হবে। আলোচনা অনুষ্ঠানে ৩জন বিশিষ্ট মুক্তিযোদ্ধাকে আমন্ত্রণ জানানো হবে তাঁদের ভাষায় রোমাঞ্চকর গুরুত্বপূর্ণ স্মৃতিসমূহ শিক্ষার্থীদের নিকট বিবৃত করার জন্য। উক্ত অনুষ্ঠানের জন্য মুক্তিযোদ্ধাদের আমন্ত্রণ জানানোর জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।<br>১. পরিচালক (উপবৃত্তি)-আহবায়ক<br>২. জনাব মেরিনা হাসানাত, সহ.শিঅ-সদস্য<br>৩. জনাব কানিজ ফাতেমা, শিঅ- সদস্য সচিব।<br><br>১৫ (খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে ১৭.১২.২০২৩ তারিখ সকাল ১০.০০ টায় ঢাকা মহানগরীর শিক্ষার্থীদের নিয়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হবে।<br>রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।<br>১. পরিচালক (উপবৃত্তি)-আহবায়ক<br>২. তাবশিরা ইসলাম লিজা, শি.অ.-সদস্য<br>৩. সোনালী সাহা, সহ.শিঅ.- সদস্য<br>৪. জনাব রোখসানা হায়দার, সহকারী পরিচালক, ডিডি অফিস, ঢাকা- সদস্য সচিব<br><br>গ) স্থানীয় পর্যায়ে বিদ্যালয় সমূহে মুক্তিযুদ্ধ ভিত্তিক রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাগণের উপস্থিতিতে তাঁদের ভাষায় বিবৃত রোমাঞ্চকর গুরুত্বপূর্ণ স্মৃতিসমূহ শিক্ষার্থীদের নিকট উপস্থাপনসহ মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করার এবং সম্ভব হলে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনীর নির্দেশনা জানিয়ে পত্র প্রেরণ করা হবে।<br>**বাস্তবায়নকারীঃ সহকারী পরিচালক (সা.প্র.)**<br>ঘ) জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পিটিআই, উপজেলা/থানা শিক্ষা অফিস ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস ও শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষে গতবছরের অনুরুপ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হবে।<br>**বাস্তবায়নকারীঃ পরিচালক (অর্থ)** |
| ৫. | ১৯. সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা ও শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/ মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | ১৯. ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবসে সুবিধাজনক সময়ে শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/ মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত/প্রার্থণার আয়োজন করতে হবে। | ১৯. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জামে মসজিদে ও মিরপুর কেন্দ্রিয় মন্দিরে প্রতি বছরের ন্যায় ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখে সুবিধাজনক সময়ে শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করা হবে।<br><br>১৯.২ পিটিআইসমূহের মসজিদে বিশেষ মোনাজাত ও অন্যান্য উপাসানালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করার নির্দেশনা জানিয়ে পত্র প্রেরণ করা হবে। |

| ক্রমিক | খসড়া কর্মসূচি | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | | বাস্তবায়নকারী: সহকারী পরিচালক (সা.প্র.) |
| ৬. | (৩.৩৪): মহান বিজয় দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারি/বেসরকারি) মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারি/বেসরকারি) মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে এবং সকল কর্মচারীকে বিভিন্ন রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারি/বেসরকারি) মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা এবং সকল কর্মচারীকে বিভিন্ন রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করার নির্দেশনা জানিয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নকারী: সহকারী পরিচালক (সা.প্র.) |
| ৭. | (৩.৪৫) সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন সহ জাতীয় পর্যায়ে/সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক আবৃত্তি এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচিটি উদযাপনের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাগণের উপস্থিতিতে তাঁদের কণ্ঠে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি শিক্ষার্থীদের সম্মুখে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনসহ জাতীয় পর্যায়ে/সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক আবৃত্তি এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচিটি উদযাপনের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাগণের উপস্থিতিতে তাঁদের কণ্ঠে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি শিক্ষার্থীদের সম্মুখে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনসহ জাতীয় পর্যায়ে/সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক আবৃত্তি এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচিটি উদযাপনের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাগণের উপস্থিতিতে তাঁদের কণ্ঠে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি শিক্ষার্থীদের সম্মুখে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করার জন্য পত্র প্রেরণ করা হবে।<br>বাস্তবায়নকারী: সহকারী পরিচালক (সা.প্র.) |
| ৮. | ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান। | ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে ঢাকা পিটিআই-তে বিকাল ৩.০০ ঘটিকায় একটি আলোচনা সভা আয়োজন করতে হবে। | ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে ঢাকা পিটিআই-তে বিকাল ৩.০০ ঘটিকায় একটি আলোচনা সভা আয়োজন করা হবে।<br>খ) ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা জানিয়ে পত্র প্রেরণ করা হবে।<br>বাস্তবায়নকারী: সহকারী পরিচালক (সা.প্র.) |

৩। এ সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য গঠিত কমিটি দুটিকে জরুরীভিত্তিতে সভার আয়োজন করতে হবে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

দিলীপ কুমার বণিক এফসিএমএ
অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.২৩.০০৪.২৩.১৯১৭

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩০ / ২৬ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা- ১২১৬।
৩. পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৪. উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৫. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট।
৬. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল), ...................... জেলা।
৮. সকল কর্মকর্তা/কর্মচারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৯. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)/ইন্সট্রাক্টর (ইউআরসি/টিআরসি), সকল.......... উপজেলা, জেলা।
১০. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা- ১২১৬ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অফিস কপি।

মোঃ নজরুল ইসলাম
সহকারী পরিচালক (সা.প্র.)
ফোন: ০২-৫৫০৭৪৯১৭